

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২২
আগরতলা, ৩০ নভেম্বর, ২০২৩

তেলেঙ্গানা বিধানসভা নির্বাচনে রাজ্যপালের ভোটাধিকার প্রয়োগ



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ পরিবারের সদস্যদের নিয়ে তেলেঙ্গানা বিধানসভা নির্বাচনে তাঁর ভোটাধিকার প্রয়োগ করেছেন। রাজ্যপাল তেলেঙ্গানা রাজ্যের মালাকপ্যাটের সালেম নগরের ২০৪ নম্বর ভোটগ্রহণ কেন্দ্রে ভোট দেন। ভোটাধিকার প্রয়োগ করে রাজ্যপাল বলেন, ভারতের গণতান্ত্রিক ব্যবস্থা খুবই সুন্দর। উৎসবের মেজাজে দেশে নির্বাচন অনুষ্ঠিত হয়। তিনি বলেন, গণতন্ত্রকে শক্তিশালী করতে ভোটাধিকার প্রয়োগ করতে হবে। ভোটাধিকার খুবই মূল্যবান ও পবিত্র অধিকার। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
